আলমডাঙ্গায় ইজিবাইক নিয়ে ছাগল চুরি: ৪ ছাগল চোরকে গণধোলাই

আলমডাঙ্গা উপজেলার মুন্সিগঞ্জে ইজিবাইকে ছাগল চুরি করতে এসে গণধোলাইয়ের শিকার হয়েছে। গত শনিবার দুপুরে জেহালা ইউনিয়নের কৃষ্ণপুর গ্রামে এ ঘটনা ঘটে। এসময় ৪ ছাগল চোরকে হাতেনাতে ধরে গণধোলাই দেয় এলাকাবাসী।

চোরচক্রের সদস্যরা হলেন- চুয়াডাঙ্গা সদর উপজেলা বুজরুগড়গড়ি গ্রামের আব্দুস ছাত্তারের ছেলে ফেরদৌস, হাটকালুগঞ্জের মৃত লতফর রহমানের ছেলে ফজলে, দামুড়হুদা কার্পাসডাঙ্গা গ্রামের জাহাঙ্গীরের ছেলে আলমগীর, একই গ্রামের মৃত কুতুব উদ্দিনের ছেলে গিয়াস উদ্দিন। তারা চুরির ঘটনা অকপটে স্বীকার করে ও কোনদিন চুরি করবে না বলে অঙ্গিকার করে।

স্থানীয়রা জানান, গত শনিবার দুপুরে জেহালা ইউনিয়নের কৃষ্ণপুর গ্রামে ব্যাটারিচালিত ইজিবাইক নিয়ে ৪ চোর ছাগল চুরি করতে আসে। ইজিবাইকে থাকা ৩ চোর কৃষ্ণপুর ক্যানাল পাড়ার রাস্তায় ৩ টি ছাগল দেখে দাড়িয়ে যায়। সেখানে রাস্তার পাশে ভুট্টা ছিটিয়ে দিয়ে দাড়িয়ে অপেক্ষা করতে থাকে। ছাগল গাড়ির কাছাকাছি আসলেই সুযোগ বুঝে ছাগল ধরে পালিয়ে যাবার চেষ্টা করে।

এই ঘটনা বাড়ির ছাদে বসে দেখছিল এক যুবক। যুবকটি দ্রুত তাদের তাড়িয়ে ধরে ফেলে। তার চিৎকারে এলাকাবাসী ছুটে আসলে ওই ৪ চোর পালিয়ে যাবার চেষ্টা করে। পরে তাদের আটক করে গণধোলাই শেষে ছেড়ে দেয় বলে গ্রাম সূত্রে জানাগেছে।

মেহেরপুরে ইজিবাইকসহ চালক

নিখোঁজ

মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে ইজিবাইকসহ চালক মো: বিজন
(২৬) নিখোঁজ হয়েছে। নিখোজ বিজন মোনাখালী গ্রামের ছাতিমতলা পাড়ার রহমানের ছেলে।

নিখোজের মামাতো ভাই বলেন, গতকাল বৃহস্পতিবার বিকেলের দিকে কয়েকজন লোক চুয়াডাঙ্গাতে যাবে বলে মেহেরপুর থেকে আমার ভাইকে ভাড়া করে নিয়ে যায়। এরপর আমার ভাইসহ তারা ভালাইপুর মোড়ের এটা হোটেলে খাওয়া দাওয়া করে। চুয়াডাঙ্গাতে যাত্রী রেখে বাড়ি চলে আসবো বলে আমার ভাই পরিবারের লোকজনকে জানায়। কিন্তু রাতে বাড়ি ফিরে না আতে আমি ও আমাদের পরিবারের লোকজন তার সাথে যোগাযোগের চেষ্টা করলে আমরা তার মোবাইল ফোনটা বন্ধ পায়। আজকে পরিবারের লোকজন মুজিবনগর থানাতে অভিযোগ করতে গেলে চুয়াডাঙ্গাতে যোগাযোগ করতে বলে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, নিখোঁজ ইজিবাইক চলকের পরিবারের লোকজন থানাতে অভিযোগ দিতে এসেছিলো কিন্তু ঘর্টনাস্থল চুয়াডাঙ্গা থানার অওতাধীন হওয়াতে আমরা তাদের চুয়াডাঙ্গা থানায় অভিযোগ করতে বলি।

মেহেরপুরে নিহত অটোচালক আব্দুর রহমানের ঘাতকদের ফাঁসি দাবি

মেহেরপুর জেলা অটো,ইজিবাইক মালিক ও চালক সমিতির সদস্য আব্দুর রহমানের ঘাতকদের ফাঁসির দাবিতে মানববন্ধন ও সংবাদ সম্মেলন করেছে মেহেরপুর জেলা অটো,ইজিবাইক চালক ও মালিক সমিতি।

আজ মঙ্গলবার (১৩ জুন) বেলা ১২ টার সময় হাসপাতাল রোডে সমিতির কার্যালয়ের সামনে এই মানববন্ধন ও সাংবাদিক সম্মেলন করেন তারা।

মেহেরপুর জেলা অটো ইজিবাইক মালিক চালক সমিতির সভাপতি মোঃ গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক মফলেউর রহমান পিন্টু, নিহত আব্দুর রহমানের ভাগ্নে সাইদুর রহমান সাঈদ, স্ত্রী রেহেনা খাতুন, মেয়ে রিনা খাতুন, রিতু খাতুন।

এসময় উপস্থিত ছিলেন, সিনিয়র সহসভাপতি মো পিন্টু, সহ সভাপতি মোঃ রায়হান আলী মিঠু, সহ-সাধারণ সম্পাদক আব্দুল আল মামুন রোকন, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ রিপন আলী, কোষাধ্যক্ষ মোহাম্মদ সালাউদ্দিন খোকন, লাইন সম্পাদক মোহাম্মদ আল আমিন প্রমুখ। মানববন্ধনে বক্তারা ঘাতকদের গ্রেফতার ও তাদের ফাঁসি দাবি করেন।

ইজিবাইক ছিনতাই করতেই চালককে হত্যা, তিনজন গ্রেফতার

ইজিবাইক ছিনতাই করতেই হত্যা করা হয় মেহেরপুরের শোলমারী গ্রামের আব্দুর রহমানকে। আর ঘটনাটা ভিন্নখাতে প্রবাহিত করা ও মিশন শেষে নিরাপদে চলে যেতে পারায় আবাসিক হোটেলটিকে বেছে নেই ছিনতাইকারীরা।

ইজিবাইক চালক আব্দুর রহমান লাশ উদ্ধারের ১২ ঘন্টার মধ্যেই দুই ঘাতককে গ্রেফতার ও ইজিবাইক উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে মেহেরপুর সদর থানায় সাংবাদিকদের সাথে প্রেসব্রিফ করে এসব কথা বলেন অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন। গ্রেফতারকৃতরা হলো, ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলাার দুদরাজপুর গ্রামের দিনবন্ধু বিশ্বাসের ছেলে বিপ্লব কুমার বিশ্বাস ও একই উপজেলার গোপালপুর গ্রামের মজদেত আলীর ছেলে রাজু শেখ ও মেহেরপুর শহরের আবাসিক হোটেল এজাজ প্লাজার মালিক ঝন্টু মিয়া।

এসময় মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি সাইফুল আলম, মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও পুলিশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
আজমল হোসেন আরও বলেন, গত শুক্রবার ইজিবাইকসহ আব্দুর রহমান

নিখোঁজ হওয়ার পর তার পরিবারের পক্ষ থেকে পুলিশের স্বরণাপন্ন হয়েছিল। পুলিশের কয়েকটি টিম তখন থেকেই তথ্য প্রযুক্তি ব্যবহার করে ঘটনার মোটিভ উদ্ঘাটনের চেষ্টা করছিল। জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি), সাইবারক্রাইম ইনভেস্টিগেশন সেল ও সদর থানা পুলিশ এক সাথে এই বিষয়ে কাজ করছিল।

এএসপি আজমল হোসেন বলেন, ইজিবাইক, পাখি ভ্যান বা অন্যান্য যানবাহন ছিনতাইয়ের এটি একটি বিরাট চক্র। বিভাগীয় এই চক্রের সাথে এলাকার কিছু ছিনতাইকারি জড়িত। মেহেরপুর সদর উপজেলার উজুলপুর গ্রামের আলমগীর হোসেনের ছেলে নাহিদ হোসেন এই ছিনতাইকারী চক্রের সদস্য। তাকে দিয়েই মোবাইল ফোনে ডেকে নেওয়া হয়েছে আব্দুর রহমানকে। চুয়াডাঙ্গাতে ভাড়ায় যাওয়ার নাম করে তাকে বাড়ি থেকে ডেকে নেয় নাহিদ।

এএসপি আজমল হোসেন বলেন, তথ্য প্রযুক্তির ব্যবহার করেই এই হত্যাকান্ডের মোটিভ উদঘাটন করা হয়েছে। হত্যাকান্ডের সাথে জড়িত বাকী আসামিদেরও অল্পদিনের মধ্যে গ্রেফতার করা হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, গত রবিবার বিকালে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় এজাজ প্লাজা নামের একটি আবাসিক হোটেল থেকে আব্দুর রহমান (৫২) গলাকাটা অর্ধগলিত লাশ উদ্ধার করে পুলিশ। এর আগে গত শুক্রবার (৯ জুন) সে বাড়ি থেকে ইজিবাইকসহ বের হন। তার পর আর ফিরে আসেনি। তার মোবাইল ফোনটিও বন্ধ ছিল। তাকে পরিবারের লোকজন সম্ভাব্য সকল স্থানে খোঁজাখুজি অব্যাহত রেখেছিল।

মেহেরপুরে ইজিবাইকের ধাক্কায় কৃষক আহত

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামে বিদ্যুৎচালিত অটোবাইকের ধাক্কায় হামিদুল ইসলাম (৩৫) নামের এক কৃষক মারাত্বক আহত হয়েছেন।

আহত হামিদুল ইসলাম ঝাউবাড়িয়া গ্রামের জিল্লুর রহমানের ছেলে। আজ

রবিবার (২৩ অক্টোবর) বিকাল ৫ টার দিকে এই সড়ক দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনায় হামিদুলের মুখ ও হাতে পায়ের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

আহত হামিদুল বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন।

হামিদুল জানান, মেহেরপুর থেকে কাঁচা ঝাল বিক্রি করে বাড়ি ফিরছিলেন তিনি। ঝাউবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের সামনে পৌছানো মাত্রই বিপরীত দিক থেকে আসা একটি দ্রতগামী ইজিবাইক তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। স্থানীয়রা উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে।

কোটচাঁদপুরে প্রতারক চক্রের কবলে পড়ে খোয়ালেন ইজিবাইক

কোটচাঁদপুরে যাত্রী সেজে ইজিবাইক নিয়ে পালিয়েছেন প্রতারক চক্র। শনিবার বেলা ১১ টায় এ ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের দুধসরা বাসস্ট্যান্ড এলাকায়।

ভুক্তভোগী জামাল মন্ডল বলেন,বেলা ১১ টা। যাত্রী সেজে আমার ইজিবাইক ভাড়া করেন। বলেন দুধসরা বাসস্ট্যান্ডে যাবার জন্য। এরপর দুধসরা পৌঁছে কাঁদতে থাকেন। এরপর আমাকে পাশের একটা বাড়ি দেখিয়ে, ভাই তাঁর মায়ের অসুস্থ্যতার খবরটি দিয়ে আসতে বলেন। আমি সরল বিশ্বাসে খবর দিতে যায়। পরে ফিরে এসে ইজিবাইক আর ওই যাত্রী দেখতে পায়নি।

এ ব্যাপারে থানায় অভিযোগ করা হয়েছে বলে জানিয়েছেন জামাল মন্ডল।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক ফরিদ আহমেদ বলেন, ইজিবাইক চুরি ঘটনায় এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

দামুড়হুদায় ইজিবাইকের ধাক্কায় শিশু লামিয়া নিহত

দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে ইজিবাইকের ধাক্কা লামিয়া খাতুন(৭) নামের এক কন্যা শিশুর মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে দশটার দিকে দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে নাপিত খালি পশ্চিম পাড়ায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত লামিয়া উপজেলার নাপিত খালি গ্রামের পশ্চিম পাড়ার রাজমিস্ত্রী নাজমুল হোসেনের কন্যা। সে বদনপুর মহিলা মাদ্রাসার ২য় শ্রেণির ছাত্রী ছিল।

সরজমিনে গিয়ে জানাগেছে নিহত লামিয়া রাস্তার পাশে খেলা করছিল, এসময় দামুড়হুদা বদনপুর নাপিত খালি সড়কে একটি ইজিবাইক কার্পাসডাঙ্গার দিকে যাচ্ছিল, হঠাৎ দৌড়ে রাস্তা পার হওয়ার সময় ইজিবাইকের সাথে সজরে ধাক্কা লাগে। ঘটনা স্থলেই লামিয়া় মৃত্যু হয়। খবর পেয়ে দ্রুত ঘটনা স্থানে পৌঁছায় দামুড়হুদা মডেল থানা পুলিশ।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার এস আই মশিউর রহমান বলেন, উভয় পক্ষের কারো কোন অভিযোগ না থাকায় লাশ নিহতের পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

যাত্রী সেজে কোটচাঁদপুর থেকে ইজিবাইক চুরি

যাত্রী সেজে ইজিবাইক চুরি করল চোর চক্রের সদস্যরা। রবিবার দুপুরে কোটচাঁদপুরের ব্রীজঘাট মোড় এ ঘটনা ঘটেছে। ভুক্তভোগী

সোহেল রানা জানান, জীবননগর থেকে দুই জন যাত্রী ইজিবাইক ভাড়া করে কোটচাঁদপুর নিয়ে আসে।

এরপর স্থানীয় ব্রীজঘাট নামকস্থানে এসে ওই যাত্রীদের একজন বস্তা কিনতে আমাকে সঙ্গে করে পাশের দোকানে নিয়ে যান। এর কিছুক্ষন পর আমি ইজিবাইকের কাছে এসে দেখি ইজিবাইক নাই। আর যাত্রী দুই জনও নাই।

এরপর আশেপাশে অনেক খোঁজা খুজি করেও কোন লাভ হয়নি। পরে বুঝতে পারলাম ইজিবাইকটি চুরি হয়ে গেছে। ওই সময় আমি কোটচাঁদপুর থানায় এসে বিষয়টি জানায়। তারা আমাকে আরো একটু খোঁজ খুজি করতে বলেন।

এ সময় আমি ঘটনাস্থলের একটি দোকানের সিসিটিভিতে ইজিবাইক চুরির দৃশ্য দেখতে পায় তবে কাউকে চিনতে পারিনি। তিনি বলেন, আমার দুটি গরু ছিল, আর কিছু টাকা কিস্তি তুলে এ ইজিবাইকটি কিনি।

এখনও কিস্তির টাকাও পরিশোধ করতে পারিনি। এ ঘটনায় কোটচাঁদপুর থানায় অভিযোগ করবেন বলে তিনি বলেন। সোহেল রানা মহেশপুর উপজেলার তৈলকুপ গ্রামের কোরবান আলীর ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক আব্দুল মতিন জানান, অভিযোগ করেনি। তবে মৌখিক ভাবে বলেছে। এখনও বাইরে খোঁজাখুজি করছেন।

কুষ্টিয়ায় ইজিবাইক চালককে হত্যার অভিযোগে একজনের ফাঁসি ও তিনজনের যাবজ্জীবন

কুষ্টিয়ায় ভাড়াকৃত ইজিবাইক চুরি করতে ব্যর্থ হওয়ায় মাসুদ রানাকে জবাই করে হত্যার অভিযোগে রাকিবুল ইসলাম রাকিবকে মৃত্যু না হওয়া পর্যন্ত ফাঁসির আদেশ ও শামীম, তন্ময় ও শিপলু নামের তিনজনকে যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

একইসঙ্গে তাদের প্রত্যেকে ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদন্ডের আদেশ দেন আদালত।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়ার অতিরিক্ত দায়রা জজ প্রথম আদালতের বিচারক মোঃ তাজুল ইসলাম আসামীদের উপস্থিতিতে এই রায় ঘোষনা করেন। রায় ঘোষনা শেষে কঠোর পাহাড়ায় তাদেরকে জেলা কারাগারে প্রেরণের আদেশ দেন।

মৃত্যু দন্ডপ্রাপ্ত আসামী হলেন কুষ্টিয়া জেলার উদিবাড়ী কলোনীপাড়ার রবিউল ইসলামের ছেলে রাকিবুল ইসলাম রাকিব। সাজাপ্রাপ্ত আসামী হলেন কুষ্টিয়া শহরের টালিপাড়া এলাকার ইউনুস আলীর ছেলে শামীম, উদিবাড়ী এলাকার মিজানুর রহমান মিলনের ছেলে তন্ময়, একই এলাকার কুটি মিয়ার ছেলে শিপলু।

মামলা সূত্রে জানা যায় ২০১৪ সালের ১০ জুলাইয়ে রাত ৮.৩০ মিনিটের সময় মজমপুর হতে ত্রিমোহনী যাওয়ার উদ্দেশ্যে সাজা প্রাপ্ত আসামীরা মাসুদ রানার ব্লু কালারের অটো বাইকটি ভাড়া করেন। ভাড়া করার পর বাড়াদী গ্রামস্থ ভাগারের মাঠে নিয়ে যায় এবং সাজাপ্রাপ্ত আসামীরা পরিকল্পিতভাবে ইজিবাইকটি ছিনতাইয়ের চেষ্টা করলে ইজিবাইক চালক মাসুদ রানা বাঁধা দিলে তার গলায় রশি দিয়ে পেচিয়ে ধরে ধারালো চাকু দিয়ে মাসুদ রানাকে জবাই করে আসামীরা।

তার মারা যাওয়ার বিষয়টি নিশ্চিত করে আসামীরা মাসুদের ইজিবাইকটি নিয়ে পালিয়ে যায়। এ বিষয়ে কুষ্টিয়া মডেল থানায় নিহতের চাচা ইয়ার আলী বাদী হয়ে অজ্ঞাত ব্যক্তিদের নামে একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলার তদন্ত শেষে ২০১৫ সালের ৩০ নভেম্বরের আসামীদের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা।

সাক্ষ্য-প্রমাণ শেষে হত্যা মামলা আইনের অধীনে অপরাধ প্রমাণিত হওয়ায় আজ একজনের ফাঁসি ও তিনজনের যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন আদালত।

রোগী দেখতে গিয়ে এখন নিজেরাই হাসপাতালের বেডে

মেহেরপুর-মুজিবনগর সড়কের চকশ্যামনগর নামক স্থানে ট্রাকের সাথে বিদ্যুৎচালিত ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মেহেরপুর হাসপাতালের নৈশ্যপ্রহরী রেজাউল মল্লিকসহ ৫ জন আহত হয়েছেন।

আহতরা হলেন, মুজিবনগর উপজেলার ইব্রাহিম শেখ (৫০), বায়োজিদ হোসেন (২৫), ঝর্ণা খাতুন (৩৫), রেজাউল মল্লিক (৫৫) ও অটোচালক মুজিবর রহমান ।

ইব্রাহিম শেখ মুজিবনগর উপজেলার ভবানীপুর গ্রামের ইন্নাল শেখের ছেলে ও ঝর্ণা খাতুন ইন্নাল শেখের স্ত্রী। এছাড়া অটো চালক মুজিবুর রহমান সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের ইব্রাহিমের ছেলে।

আজ শনিবার (২৫ জুন) বিকাল সাড়ে ৪ টার সময় সদর উপজেলার নতুনগ্রাম ও চকশ্যামনগর গ্রামের মাঝামাঝি স্থানে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা জানান, মুজিবনগর থেকে ইজিবাইকযোগে মেহেরপুর শহরে আসার সময় চকশ্যামনগর ও নতুনগ্রামের মাঝামাঝি মাঠের মধ্যে পৌছানো মাত্র বিপরীত থেকে যাওয়া একটি একটি চলন্ত ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষে ইজিবাইকটি রাস্তার উপর উল্টে পড়ে। এতে অটোযাত্রী সকলেই আহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেন।

আহতরা বর্তমানে আড়াই শয্যা বিশিষ্ট মেহেরেপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহতদের মধ্যে ইব্রাহিম শেখ, বায়োজিদ হোসেন, ঝর্ণা খাতুন একই পরিবারের। তাদের এক নিকটাত্মীয় ডাইরিয়া রোগে আক্রান্ত। তাকে হাসপাতালে দেখতে এসে নিজেরাই এখন হাসপাতালে ভর্তি হলেন।